



রামপালের দুই ইউনিটে বিদ্যুৎ উৎপাদনে নতুন রেকর্ড



ছবি: সংগৃহীত

বাগেরহাটের রামপাল তাপবিদ্যুৎকেন্দ্রের দুই ইউনিটে একসঙ্গে ১ হাজার ৩২১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হয়েছে। কেন্দ্রটির ইতিহাসে এটিই সর্বোচ্চ উৎপাদন।

উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে।

শনিবার (৩ অক্টোবর) সন্ধ্যায় বিষয়টি নিশ্চিত করেন কেন্দ্রটির প্রধান মানবসম্পদ কর্মকর্তা আনোয়ারুল আজিম। তিনি জানান, বিকেল সাড়ে ৪টার দিকে প্রথম ইউনিটে ৬৫৬ এবং দ্বিতীয় ইউনিটে ৬৬৫ মেগাওয়াট উৎপাদন হচ্ছিল।

এর আগে যান্ত্রিক ত্রুটির কারণে দ্বিতীয় ইউনিটের উৎপাদন বন্ধ ছিল। ত্রুটি মেরামতের পর আবার উৎপাদন শুরু হয়েছে বলে জানান কেন্দ্রের কর্মকর্তারা।

বাংলাদেশ ও ভারতের যৌথ উদ্যোগে রামপালের ১ হাজার ৩২০ মেগাওয়াট ক্ষমতার মৈত্রী সুপার থার্মাল পাওয়ার প্রকল্পটি নির্মাণ করা হয়। প্রকল্পে প্রায় ১৬ হাজার কোটি টাকা ব্যয় হয়েছে। ২০১২ সালে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) ও ভারতের এনটিপিসির মধ্যে চুক্তির পর বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাওয়ার কোম্পানি লিমিটেড (বিআইএফপিসিএল) প্রকল্পটি বাস্তবায়ন করে।

২০২২ সালের ২৩ ডিসেম্বর ৬৬০ মেগাওয়াট ক্ষমতার প্রথম ইউনিট উৎপাদনে আসে। পরের বছর ২৪ অক্টোবর দ্বিতীয় ইউনিটের পরীক্ষামূলক উৎপাদন শুরু হয়। স্বাভাবিক সময়ে দুই ইউনিট মিলিয়ে কেন্দ্রটিতে ১ হাজার ১০০ থেকে ১ হাজার ২০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হয়ে থাকে।